উপদেষ্টা
ডঃ জামিলুর রেজা চৌধুরী
ডঃ মুহাম্মদ ইব্রাহীম
ডঃ সৈয়দ মাহবুবুর রহমান
ডঃ হুমায়ুন আহমেদ
ডঃ ভূঁইয়া ইকবাল

সম্পাদনা উপদেষ্টা
মোঃ আবদুল কাদের

সম্পাদক
এস, এ, মি, এম, বদরুদ্দোজা

নির্বাহী সম্পাদক
খোন্দকার নজরুল ইসলাম

প্রধান নির্বাহী
ভূঁইয়া ইনাম লেনিন

সহযোগী সম্পাদক
জাকারিয়া স্বপন

সহকারী সম্পাদক
মইনউদ্দীন স্বপন
মুঃ তোরকুল মোমেন চৌধুরী

সম্পাদনা সহযোগী
• এম, আর সিদ্দিকি • শা, সা,
• শেখ, এ, সাহেদ • কাজল হক
• আসিফ মাহমুদ • মোস্তফা আনোয়ার
• এইচ এস ফিরোজ • মাসুদ • সমর মিত্র
• লীনা ইনাম • রেহানা আখতার
• কারুক • জস্টিস হোসেন

বিদেশ প্রতিনিধি
ডঃ মুহাম্মদ জাফর ইকবাল - আমেরিকা
তানভীর আহমেদ লেনিন - আমেরিকা
আজাদুল হক - আমেরিকা
ডঃ এস, মাহমুদ - বৃটেন
নির্মল চন্দ্র চৌধুরী - অষ্ট্রেলিয়া
জাহিদুল ইসলাম - অষ্ট্রেলিয়া
হারুনুর রশিদ - জাপান
এস, বানার্জী - ভারত
রেজোয়ান স্পুটনিক - ভারত
আঃ ফঃ মোঃ শামসুজ্জোহা - সিংগাপুর
এন, এম, জামাল - সুইডেন

শিল্প নির্দেশনা : আহসান হাবিব

ক্যামেরা : ইয়াসীন বাবুল

কমপিউটার কম্পোজ :
কমপিউটারলাইন
১৪৬/১ আজিমপুর রোড, ঢাকা - ১২০৫।
ফোন : ৫০ ৬৪ ৮৫

মুদ্রণে :
ক্যাপিটাল প্রিন্টিং এণ্ড প্যাকেজেস লিঃ
৫০ - ৫১ লোয়ার বাবুবাজার, ঢাকা।

প্রকাশক : নাজমা কাদের
১৪৬/১ আজিমপুর রোড, ঢাকা - ১২০৫।
ফোন : ৫০ ৬৪ ৮৫

দাম প্রতি কপি পনের টাকা

গ্রাহক হবার জন্য বার্ষিক সডাক দেড় শত টাকা, ষান্মাসিক সডাক আশি টাকা মানি অর্ডার, চেক, ব্যাংক ড্রাফট-এ "কমপিউটার জগৎ" নামে ১৪৬/১ আজিমপুর রোড, ঢাকা - ১২০৫ এই ঠিকানায় পাঠাতে হবে।

সম্পাদকের দফতর থেকে

মাসিক
কমপিউটার জগৎ
এপ্রিল ১৯৯২

কমপিউটার জগৎ-এর বর্ষপূর্তি

কমপিউটার জগৎ-এর প্রথম বর্ষপূর্তির এ পুতলগ্নে আমরা সমগ্র দেশ ও জাতির প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপনের অধীর মুহূর্তে অনুভব করছি অনাবিল এক শিহরণ। বিশ্বের সবচাইতে পশ্চাদপদ ও অনুন্নত দেশ হিসাবে যে দেশকে চিহ্নিত করেছে আমাদের সাহায্যগ্রহীতা সরকার ও সাহায্যদাতা উন্নত বিশ্ব, সে দেশটিতে সর্বাধুনিক প্রযুক্তির একটি দেশীয় ভাষার পত্রিকা হাজার হাজার কপি প্রচার সংখ্যা নিয়ে দিনে দিনে কলেবরে বর্ধিত হয়ে একটি বৎসর অতিক্রম করেছে, এ কিসের লক্ষণ ? কমপিউটার জগৎ তার ক্ষুদ্র অস্তিত্ব নিয়ে, একটি বৎসরের বারোটি সংখ্যায়, দেশের বিরাট সম্ভাবনা ও অস্তিত্ব, অমিত সৃষ্টিক্ষমতা, অফুরান মেধার ঐশ্বর্য আবিষ্কার করে অকপটভাবে এ সত্য তুলে ধরার চেষ্টা করেছে যে, এ জাতি, তার পরিশ্রমী জনগোষ্ঠী নিয়ে তথ্যপ্রযুক্তির একবিংশ শতাব্দী জয় করতে পারে। জাতীয় দুর্বলতা, অসম্মান, উপেক্ষা ও বেদনা উপশম করার যাদুকাঠি - কমপিউটারকে জাতির সামনে তুলে ধরতে গিয়ে আমরা অবাক হয়ে দেখেছি, এদেশের শিশু, এদেশের কিশোর, এদেশের তরুণ, পেশাজীবি, স্বল্পশিক্ষিত মানুষ এমনকি নিরক্ষর সাধারণ মানুষটিও জাতির ভাগ্য পরিবর্তনের হাতিয়ার হিসাবে এ প্রযুক্তির প্রয়োগ, পরীক্ষা, নির্মাণ ও প্রসারে নিজেদের যুক্ত করেছেন বিস্ময়কর আগ্রহে। আমরা আমাদের বর্ষপূর্তির লগ্নে, স্বাধীনতা দিবসের মূল অঙ্গীকার, মর্যাদাবান সৃষ্টিশীল দেশ গড়ার ক্ষেত্রে আমাদের সহজ সরল সাধারণ জনগণের বেদনার্ত অভিযাত্রায় আমাদের বিশ্বাস ও আস্থা এবং তাদের সেবা করার অঙ্গীকার পুনরায় ঘোষণা করছি।

আমরা জনগণের উপর পরম বিশ্বাসে একদিন উচ্চারণ করেছিলাম : জনগণের হাতে কমপিউটার চাই। একটি বৎসর জনগণের পাশে থেকে আমরা এ বিশ্বাসকে জাতীয় পর্যায়ে উন্নীত করতে পেরেছি যে, কমপিউটার মুষ্টিমেয় ইংরাজীভাষী বিলাসী লোকের ভাগ্য বদলের জন্য নয়, সমগ্র জনতার জন্য। ইউনিয়ন পরিষদ হতে প্রধানমন্ত্রীর সচিবালয়, প্রতিরক্ষা হতে প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত সবকিছুকে কমপিউটারের সহায়তায় কম খরচে সর্বাধুনিক ব্যবস্থাপনার আওতায় আনার উপযোগিতা আজ উপলব্ধি করা হচ্ছে। ঘরে ঘরে সবাক টেলিভিশন থাকা সত্ত্বেও, টেলিভিশন তার রহস্যের অবগুণ্ঠন উন্মুক্ত করেনি, তার দর্শকদের কাছে। কিন্তু কমপিউটার জগৎ কমপিউটারের রহস্যভেদ করেছে। এখন ঢাকা শহরে জিজ্ঞাসা করুন, অনেকেই বলবেন, কমপিউটার বানানো যায়। প্রযুক্তির দাসত্ব নয়, প্রযুক্তির উপর জাতির প্রভুত্ব করার ক্ষমতা সৃষ্টির জন্য সংগ্রামের পথ বাঁধছি আমরা।

গত এক বৎসরে জাতির সেরা কমপিউটার বিশারদদের প্রচুর সাক্ষাতকার প্রকাশ করে ইস্যুভিত্তিক জাতীয় ঐকমতের সেতুবন্ধনের দায়িত্ব পালন করেছি আমরা। এবং মাতৃভাষা বাংলায় নিয়মিত, নিটোল, নির্ভুল, সুন্দর এবং সুলভ প্রকাশনার মাধ্যমে এ ঐক্যমত ও প্রযুক্তিকে সাধারণ জীবনের কাছে নিয়ে গেছি। প্রতি সংখ্যায় পৃষ্ঠা ও নিবন্ধ বেড়েছে। কমপিউটার জগৎ বাংলাদেশের সেই বিরল সাময়িকী যা সম্মানের সাথে, সভ্যতার চাহিদার সাথে যুক্ত হয়ে, ভারতের বাংলাভাষাভাষী অঞ্চলসহ প্রাচ্য ও পাশ্চাত্যের সেরা শহর ও কমপিউটার নগরীতে হাজার হাজার বাংলাভাষীদের হাতে ছড়িয়ে পড়েছে। জাতির তথ্য প্রযুক্তির ভাবনার সাথে বিশ্বের সর্বাধুনিক ভাবনার যোগসূত্র ঘটাচ্ছে এ পত্রিকার মাধ্যমে। কমপিউটার জগৎ ৪ লক্ষ কর্মসংস্থান ও ২০ হাজার কোটি টাকার বৈদেশিক আয়ের সম্ভাবনাময় ডাটা এন্ট্রি শিল্পের ব্যাপারে জনগণের মধ্যে ব্যাপকভিত্তিক সাড়া জাগাতে সমর্থ হয়েছে। এ শিল্প গড়নের ব্যাপারে যারা অগ্রণী ভূমিকা পালন করছেন তাদের সাফল্য, ব্যর্থতা ও প্রতিদ্বন্দ্বকতার আনন্দ ও বেদনায় সমগ্রজাতিকে শরীক করছি আমরা। ৭১-এর প্রচন্ড রেটিনার প্রতি বহিঃসম্পদ বিভাগের নীতি বিগর্হিত আচরণে সারা দেশ ক্ষুব্ধ হয়েছে, কমপিউটার জগৎ সেই সংবাদিক সম্মেলনের আয়োজন করেছিল।

আমাদের সামর্থ সীমিত। তবু স্বদেশ ও স্বজাতির সেবায় আমরা প্রতিষ্ঠানের দায়িত্ব পালন করছি। গ্রাম গ্রামান্তরে যে শিশুরা রয়েছে, কমপিউটার স্পর্শ করার সাহস ও স্বপ্ন তাদের মধ্যে জাগিয়ে তোলার জন্য আমরা গ্রামীণ ছাত্রছাত্রীদের কমপিউটার পরিচিতি প্রকল্প শুরু করেছি, বিপুল উদ্দীপনার মধ্যে। কমপিউটার পাঠশালা কলামে আমরা নবাগতদের হাতে কলামে কমপিউটার শিক্ষার তালিম প্রচার করেছি। সারাদেশে কমপিউটার প্রশিক্ষণ প্রতিষ্ঠান জরীপ করে পরিচিতি ও ইনভেন্টরী প্রকাশ করছে কমপিউটার জগৎ। পিয়ন কিংবা ষাট বছরের বৃদ্ধার পক্ষে কমপিউটার শেখা কোন কঠিন ব্যাপার নয়, এ বিশ্বাস সৃষ্টির জন্য সচিত্র কাহিনী প্রকাশ করেছি আমরা।

এ যাত্রা নির্বিঘ্ন ছিলনা। কমপিউটারে এ জাতির অগ্রযাত্রা যারা রুদ্ধ করে রেখেছেন তাদের শাসানি, ভ্রূকুটি, পুলিশ প্রেরণ, হুমকির মধ্যে অগ্রসর হয়েছে কমপিউটার জগৎ। বিপরীত অনেক পথিকৃত ও সাহসী মানুষের সমর্থন পেয়েছি আমরা। এ সংগ্রামে সারাদেশের সামনে নীতি নির্ধারকদের অক্ষমতা ও ব্যর্থতা স্পষ্ট হচ্ছে। তারাও অধোবদনে নিজেদের বদলাতে চেষ্টা করছেন। কেউবা মেতেছেন নূতন চক্রান্তে।

পাঠক পাঠিকা, গ্রাহক, অনুগ্রাহক, পৃষ্ঠপোষক, লেখক, লেখিকা ও শুভানুধ্যায়ীরা কমপিউটার জগৎ-কে গড়ে তুলেছেন। তারা আজ কমপিউটার জগৎ-এর সকল কর্মীর অভিনন্দন, শুভেচ্ছা গ্রহণ করুন। আসুন, আমরা সবাই মিলে জাতির ভবিষ্যতের জন্য আমাদের বর্তমানকে আরও উৎসর্গ করি। আমাদের ধ্বনি ; চক্রবেতি, সামনে বাড়ো, অফুরান সম্ভাবনা সামনে জনগণের সাথে পথিকৃৎ সাহসী ও সৃষ্টিশীল মানুষদের নিয়ে আমরা এগোবই।

সবার জন্য রইলো ঈদ ও নববর্ষের আন্তরিক শুভেচ্ছা।

প্রচ্ছদ পরিচিতি : গত এক বছরে কমপিউটার জগৎ প্রকাশনার 'নেটওয়ার্কে' যারা যারা বিভিন্নভাবে প্রত্যক্ষ অবদান রেখেছেন। ছবিগুলো র‍্যানডমভাবে বসানো। আরো অনেকের ছবি পাওয়া যায়নি বলে দেয়া সম্ভব হয়নি। মাঝখানের ছবিটি একটি বিদেশী কোম্পানীর সৌজন্যে প্রাপ্ত।